তারিখ ০৯ FEB 2016
পৃষ্ঠা ৭-১৬ কলাম ৬

সংবাদ

# কলকাতা বইমেলার আকর্ষণের কেন্দ্রে ছিল বাংলাদেশ প্যাভিলিয়ন

প্রিয়াসাহা, কলকাতা থেকে

কলকাতার আন্তর্জাতিক বইমেলার এবারের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে ছিল বাংলাদেশ প্যাভিলিয়ন। ১২ দিনব্যাপী কলকাতা বইমেলা শেষ হয় গত রোববার।

এবারের বাংলাদেশ প্যাভিলিয়ন তৈরি করা হয় ঢাকার বাংলা একাডেমির বর্ধমান হাউজের আদলে। ৩ হাজার ৭০০ বর্গফুট জায়গাজুড়ে নির্মিত হয়েছে এই প্যাভিলিয়ন। আর এই বইমেলায় বাংলাদেশের ৩২টি প্রকাশনা সংস্থা যোগ দেয়। এই বইমেলায় যোগ দেয় বাংলাদেশসহ পৃথিবীর ২২টি দেশ। সবমিলিয়ে ৮০০ প্রকাশনা সংস্থা অংশ নেয় এই বইমেলায়। কলকাতা : পৃষ্ঠা : ২ ক : ৫

**কলকাতা : বইমেলার**

(১৬ পৃষ্ঠার পর)

তবে আকর্ষণের কেন্দ্রে ছিল বাংলাদেশ প্যাভিলিয়ন। প্রতিদিন উপচেপড়া ভিড় ছিল বাংলাদেশ প্যাভিলিয়নে। প্রচুর বই বিক্রিও হয়েছে। কলকাতা উপহাইকমিশনের এক কর্মকর্তা এই প্রতিনিধিকে বলেছেন, এবারের চাহিদা ছিল বাংলা একাডেমি এবং নজরুল ইনস্টিটিউটের বইয়ের প্রতি বেশি। এছাড়া চাহিদা ছিল হুমায়ুন আহমেদের উপন্যাস এবং বাংলাদেশের কবিদের কাব্যগ্রন্থের প্রতিও। চাহিদা ছিল গবেষণা গ্রন্থ, কম্পিউটারের বাংলা বইয়ের প্রতিও।

কলকাতার বইপ্রেমীরাও বলেছেন, বাংলাদেশ এখন উন্নতমানের বই প্রকাশ করছে। বাংলাদেশের বইয়ের কভার, কাগজ, ডিজাইন এবং ছাপাও উন্নতমানের। তাছাড়া বাংলাদেশের রয়েছে বাংলার নামী বেশ ক'জন লেখক সাহিত্যিক, তাঁদের লেখা বইয়ের চাহিদা এপারেও প্রচুর। আমাদের পড়শী বাংলাদেশ। আমাদের মত তারাও বাংলায় কথা বলে। তাই বাংলাদেশের বইয়ের প্রতিতো আমাদের একটা আলাদা আকর্ষণ আছেই।